দৈনিক বাংলা

তারিখ ... ... 5।6।85 ... ...
পৃষ্ঠা ... .. ... 1 কলাম ... 5 ... ...

0--004

## ডক্টর হাবিবুল্লাহর দাফন সম্পন্ন : বিভিন্ন মহলে শোক

(স্টাফ রিপোর্টার)

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর এমেরিটাস ডক্টর আবু মহামেদ হবিবুল্লাহর লাশ গতকাল বনানী গোরস্তানে দাফন করা হয়।

এর আগে মরহুমের নামাজে জানাজা ঢাকা বিশ্ববিদ্যালয় জামে মসজিদে অনুষ্ঠিত হয়। উপ-প্রধান সামরিক আইন প্রশাসক ও কৃষি

(৩-এর পৃঃ দ্রঃ)

## ডক্টর হাবিবুল্লাহ

(১ম পৃঃ পর)

মন্ত্রী রিয়ার এডমিরাল এম এ খান ও পরিকল্পনা মন্ত্রী ডক্টর এ মজিদ খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলর প্রফেসর এম শামসুল হক ও বহু বুদ্ধিজীবী জানাজায় অংশ নেন।

এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ-এর প্রতিষ্ঠাতা সদস্য, ফেলো ও প্রাক্তন সভাপতি বিশিষ্ট ঐতিহাসিক, শিক্ষাবিদ প্রফেসর হবিবুল্লাহর মৃত্যুতে এশিয়াটিক সোসাইটির সভাপতি প্রফেসর এ আর মল্লিক এবং সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

প্রখ্যাত ইতিহাসবেত্তা ও ঢাকা যাদুঘরের প্রাক্তন কিউরেটর প্রফেসর এ বি এম হবিবুল্লাহর মৃত্যুতে গতকাল সকালে বাংলাদেশ জাতীয় যাদুঘরের অফিসার ও কর্মচারীরা এক শোকসভায় মিলিত হন।

বাংলা একাডেমীর সভাপতি প্রফেসর আবু মহামেদ হবিবুল্লাহ স্মরণে বাংলা একাডেমী আজ মঙ্গলবার বেলা সাড়ে বারোটায় প্রেস ভবনের দোতলায় এক স্মরণ সভার আয়োজন করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে শোকসভা অনুষ্ঠিত হবে আগামী কাল বুধবার বেলা ১১টায় টিএসসি'তে।

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক মোহাম্মদ ফরহাদ গতকাল এক বিবৃতিতে বলেন, আমাদের দেশের প্রগতিশীল চিন্তার বিকাশ, সুস্থ ঐতিহাসিক চেতনার প্রসারে ডক্টর হবিবুল্লাহর ভূমিকা সমগ্র জাতি চিরদিন কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে।

বাংলাদেশ-সোভিয়েট মৈত্রী সমিতির কর্মকর্তাবৃন্দ ডক্টর এ বি এম হবিবুল্লাহর মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

গতকাল বায়তুল মোকাররমে অনুষ্ঠিত কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের এক সভায় প্রফেসর হবিবুল্লাহর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়।